রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ)

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD


শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০১৯.২৪-৮৪

তারিখঃ ১৫/০৮/১৪৩২ বঙ্গাঃ
৩০/১১/২০২৫ খ্রিঃ

**বিষয়ঃ বিষয় ঃ চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।**

যেহেতু আপনি জনাব লাল মোহন, চৌকিদার কাম মালী, নোয়াখালী পওর উপ-বিভাগ, বাপাউবো, নোয়াখালী বিগত ১৭/০৮/২০২২ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনি অনুপস্থিতির পর হতে দপ্তরের সাথে কোন প্রকার যোগাযোগ রক্ষা করেননি এবং ছুটির জন্য কোন দরখাস্ত দাখিল করেননি। অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির জন্য নোয়াখালী পানি উন্নয়ন বিভাগের ভিন্ন ভিন্ন ৬টি স্মারকমূলে কৈফিয়ত/ব্যাখ্যা তলব করা হলেও আপনি কোন লিখিত জবাব দাখিল করেনি। আপনার এরূপ আচরণ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ) ও (গ) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ এবং পলায়নের সামিল এবং আপনার উপর প্রবিধান ৪৯ (১) (খ) মোতাবেক যে কোন দন্ড আরোপযোগ্য।

২। যেহেতু, উপরোক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক কার্যধারা সূচনা করতঃ শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০১৯.২৪-৭৪; তারিখঃ ০৩/১১/২০২৪ খ্রিঃ এর মাধ্যমে অভিযোগনামা রেজিস্টার ডাকযোগে আপনার কর্মস্থলে এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। একই সাথে আপনার উপর উল্লিখিত দন্ড কেন আরোপ করা হবে না ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উহার জবাব দাখিলের জন্য অনুরোধ করা হয়। আপনার দাখিলকৃত লিখিত জবাব কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি। তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আপনার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২৪-৯৫; তারিখঃ ২২/১০/২০২৪ খ্রিঃ মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে দেখা যায় আপনি বিগত ১৭/০৮/২০২২ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। শারীরিক ও মানসিক অসুস্থতার কারণে এবং ডাক্তার দীর্ঘ মেয়াদে আপনাকে বিশ্রামে থাকার পরামর্শ দিয়েছেন বলে আপনার লিখিত বক্তব্যে উল্লেখ করেছেন। অসুস্থতার প্রমাণক হিসেবে চিকিৎসা গ্রহণ সংক্রান্ত Prescription (চিকিৎসা ব্যবস্থাপত্র) এবং স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত রিপোর্ট উপস্থাপন করেছেন। উক্ত Prescription (চিকিৎসা ব্যবস্থাপত্র) এবং স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত রিপোর্ট যাচাইয়ান্তে দেখা যায় যে, আপনার মারাত্মক কোন রোগের উপসর্গ নেই এমনকি ডাক্তার কর্তৃক আপনাকে বিশ্রামে থাকার জন্য কোন সুপারিশ করা হয়নি। এতদপ্রেক্ষিতে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে। আপনার এরুপ কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) দায়িত্ব পালনে অবহেলা, ৪৮(খ) অসদাচরণ এবং ৪৮(গ) অনুযায়ী পলায়নের সামীল বিধায় উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৭/০৮/২০২২ খ্রিঃ তারিখ হতে আপনার ওপর বাপাউবোর্ডের চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক কেন কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৭/০৮/২০২২ খ্রিঃ তারিখ হতে আপনার উপর বাপাউবো বোর্ডের চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। এছাড়া বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ- তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি।

(মোঃ খুরশীদ আলম)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৭০১০১০১৯

অঃপৃঃদ্রঃ

E:\Zakir pc\Zakir, S-1\Order of 2nd showcoesh\Order of 2nd showcoesh.doc10

**প্রাপক**
জনাব লাল মোহন
চৌকিদার কাম মালী
নোয়াখালী পওর উপ-বিভাগ
বাপাউবো, নোয়াখালী

**স্থায়ী ঠিকানা**
জনাব লাল মোহন
পিতাঃ মৃত পুলি লাল
গ্রামঃ ৪ নং পৌরসভা সুইপার কোয়াটার
ডাকঘরঃ মাইজদি কোর্ট
থানাঃ সদর, জেলাঃ নোয়াখালী।

জ্ঞাতার্থে/কার্যার্থেঃ-

১. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি ২ (দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ পূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩. সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।